

## অপেক্ষায় নেই

অপেক্ষায় নেই কেউ কোথাও  
অপেক্ষায় নেই।

দখীনা ভেবেছিলো মেঘ বৃষ্টি তার অপেক্ষারত  
তবে কেন তার পৌঁছুবার আগেই এমন মুশল!  
বৃষ্টি জলে ভাঙলো কেন ধরিগ্রীর ঘুম?  
বুকের পশমে কে ছড়ালো আউশ ধানের ওম!

সবাই কারো না কারো জন্য তো অপেক্ষা করে  
সে ও ছিলো কারো অপেক্ষায়  
তবে সে অপেক্ষা কেন পরিণতি পেলো প্রতিক্ষায়?

অপেক্ষা কিসের?  
প্রয়োজনের, না কি সাময়িক মোহের?

সফারিণী

২১/০৮/২০০৯